

নিষিদ্ধ ছাত্রলীগের সম্পাদকসহ ১০ শিক্ষার্থী স্থায়ী বহিষ্কার

খুলনা অফিস

০৩ ফেব্রুয়ারি, ২০২৫
১৮:১০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইসিই বিভাগের এক শিক্ষার্থীকে শারীরিক ও মানসিক নির্যাতনের অভিযোগে নিষিদ্ধ ছাত্রলীগের সাধারণ সম্পাদকসহ ১০ শিক্ষার্থীকে বহিষ্কার ও ছাত্রত্ব বাতিল করা হয়েছে। একই ঘটনায় বিভিন্ন মেয়াদে শাস্তি পেয়েছেন আরো তিন শিক্ষার্থী।

শান্তিপ্ৰাপ্তদের মধ্যে স্থায়ী বহিষ্কৃতরা হলেন নিষিদ্ধ ছাত্রলীগের কুয়েট শাখার সাবেক সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান, শিক্ষার্থী রায়হান আহমেদ, সাদ আহমেদ, সাজেদুল কবির, আদনান রাফি, রিজুয়ানুল ইসলাম রিজভী, ফুয়াদুজ্জামান ফাহিম, মো. মেহেদী হাসান মিঠু, মো. সাফাত মোর্শেদ ও ফখরুল ইসলাম। এ ছাড়া বিভিন্ন মেয়াদে শান্তিপ্ৰাপ্তরা হলেন মোস্তাক আহমেদ, শুভেন্দু দাস ও ফারিয়ার জামিল।

আরো পড়ুন



বিএনপি কার্যালয়ে ককটেল হামলা, আ. লীগ নেতা গ্রেপ্তার

গত ২৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শৃঙ্খলা কমিটির সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সোমবার (৩ ফেব্রুয়ারি) বিষয়টি জানাজানি হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শৃঙ্খলা কমিটি সূত্রে জানা গেছে, ২০২২ সালের ১১ সেপ্টেম্বর শিক্ষার্থী জাহিদুর রহমানকে নির্যাতনের ঘটনা ঘটে। পরে এ নিয়ে গঠিত তদন্ত কমিটি গত ১৭ সেপ্টেম্বর ঘটনার প্রতিবেদন দাখিল করে।

প্রতিবেদনের আলোকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শৃঙ্খলা কমিটির সভায় অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মাছুদের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। ছাত্র-শৃঙ্খলা কমিটির সদস্য সচিব প্রফেসর ড. মোহাম্মদ সুলতান মাহমুদ স্বাক্ষরিত কার্যবিবরণীতে এসব তথ্য জানা গেছে।